গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর
ঢাকা-১২০৭।
www.lged.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৬.০২.০০০০.৯২৭.১৪.০০৭.১৯-৬৪৫ তারিখঃ ২৭/০৮/২০২০ খ্রি.।

# অফিস আদেশ

**বিষয়ঃ অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি করণের লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণে ফোকাল পারসন নিয়োগ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে এলজিইডি'র বিভিন্ন কর্মকান্ডে স্বচ্ছতা, জবাবদিহিতা নিশ্চিতকরণ ও দূর্নীতি প্রতিরোধের মাধ্যমে সুশাসন প্রতিষ্ঠাকল্পে এলজিইডি'র নিম্নবর্ণিত কর্মকর্তাগণকে জেলা এবং উপজেলা পর্যায়ে অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তির লক্ষ্যে ফোকাল পারসন কর্মকর্তা হিসাবে দায়িত্ব পালন করার জন্য নির্দেশ প্রদান করা হলো।

| দপ্তর | ফোকাল পারসন কর্মকর্তা ও দপ্তরের নাম | মন্তব্য |
|---|---|---|
| জেলা | সহকারী প্রকৌশলী, জেলা নির্বাহী প্রকৌশলীর দপ্তর | |
| উপজেলা | উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর দপ্তর | |

ফোকাল পারসন কর্মকর্তার উপর অর্পিত দায়িত্বাবলীঃ

(ক) অভিযোগ দাখিল ও নিষ্পত্তির বর্তমান পদ্ধতি সম্পর্কে সংশ্লিষ্ট দপ্তরের কর্মকর্তা/কর্মচারী এবং সেবা প্রত্যাশীকে অবহিত রাখা;
(খ) সকল অভিযোগসমূহ সুষ্ঠু, পক্ষপাতবিহীন ও স্বচ্ছতার সাথে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা;
(গ) অভিযোগ দ্রুত নিষ্পত্তিকল্পে মধ্যস্থতা/মীমাংসার প্রয়োজন হবে এ মর্মে ফোকাল পারসন কর্মকর্তা কর্তৃক বিদ্যমান পরিস্থিতি যাচাই-বাছাইপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা;
(ঘ) উত্থাপিত অভিযোগসমূহের গুরুত্ব বিবেচনায় সঠিক পদক্ষেপ নেবার উদ্দেশ্যে প্রয়োজনে যথাযথ কর্তৃপক্ষের কাছে অভিযোগসমূহ উপস্থাপন করা;
(ঙ) উপজেলা ও জেলা পর্যায়ে প্রস্তাবিতব্য GRC'র অভিযোগের গুরুত্ব বিবেচনা করে অভিযোগকারীকে অভিযোগ প্রাপ্তি, নিষ্পত্তি প্রক্রিয়া ও অভিযোগের বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত সম্পর্কে অবহিত রাখা;
(চ) অভিযোগ প্রাপ্তি ও নিষ্পত্তি সম্পর্কিত যাবতীয় তথ্যাদির পূর্ণ রেকর্ড সংরক্ষণের ব্যবস্থা রাখা।

২৭.০৮.২০২০
(মোঃ আব্দুর রশীদ খান)
প্রধান প্রকৌশলী
ফোনঃ ০২-৯১২৪০২৭
ই-মেইলঃ ce@lged.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ**

০১। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ................... (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
০২। অতিরিক্ত প্রধান প্রকৌশলী, এলজিইডি, বিভাগঃ ................... (সকল)।
০৩। প্রকল্প পরিচালক, ................ (সকল), এলজিইডি, সদর দপ্তর, ঢাকা।
০৪। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এলজিইডি, অঞ্চলঃ ........................ (সকল)।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, জেলাঃ ..................... (সকল)।
০৬। উপজেলা প্রকৌশলী, এলজিইডি, উপজেলাঃ .................(সকল), জেলাঃ ..................... (সকল)।